

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. ১১৭৮১

মহিলা কমিশন'র উদ্যোগে সচেতনতা সভা

date : ২২-৩-২৩

আগরতলা, ২১ মার্চ। গত ১০ মার্চ
ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে
আন্তর্জাতিক নারী দিবস ২০২৩
উপলক্ষে ত্রিপুরা গভর্নমেন্ট ল
কলেজের ছাত্র-ছাত্রীদের নিয়ে
একটি সচেতনতা সভার আয়োজন
করা হয়। সভায় উপস্থিত ছিলেন
মহিলা কমিশনের চেয়ারপার্সন
বর্ণালী গোস্বামী, ডাইস চেয়ারপার্সন
অস্মিতা বণিক, সদস্যা মৌসুমী দাস
ও ডালিয়া সিনহা। এছাড়াও উপস্থিত
ছিল ত্রিপুরা গভর্নমেন্ট ল
কলেজের অধ্যক্ষ ড. বঙ্কন কুমার
মিশ্রা এবং ল কলেজের অন্যান্য
অধ্যাপক ও অধ্যাপিকা এবং
ছাত্র-ছাত্রীগণ। প্রদীপ প্রজ্জ্বলনের
মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা
করেন মহিলা কমিশনের
চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। স্বাগত
ভাষণ রাখেন ত্রিপুরা গভর্নমেন্ট ল
কলেজের সহকারী অধ্যাপক স্বপন
দেববর্মা। অতঃপর মহিলা কমিশনের
সদস্যা মৌসুমী দাস আন্তর্জাতিক
নারী দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে
উনার সংক্ষিপ্ত ও মূল্যবান বক্তব্য

রাখেন। ত্রিপুরা গভর্নমেন্ট ল
কলেজের অধ্যক্ষ ড. বঙ্কন কুমার
মিশ্রা আন্তর্জাতিক নারী দিবসের
উপর আলোচনা করতে গিয়ে
বলেন, নারী স্বশক্তিকরণের ক্ষেত্রে
শিক্ষা ও তথ্যপ্রযুক্তির ভূমিকা
অপরিসীম। মহিলা কমিশনের
চেয়ারপার্সন বর্ণালী গোস্বামীও
উনার মূল্যবান বক্তব্যে কিভাবে
বর্তমানে আধুনিক তথ্যপ্রযুক্তি
নারীদেরকে নানা প্রতিকূলতা
অতিক্রম করে অর্থনৈতিক,
সামাজিক ও অন্যান্য বিষয়ে
ক্ষমতায়নে সহায়ক ভূমিকা নিচ্ছে
তা তুলে ধরেন। মহিলা কমিশনের
ডাইস চেয়ারপার্সন অস্মিতা বণিক
আন্তর্জাতিক নারী দিবসের গুরুত্ব
নিয়ে আলোচনা করেন এবং
মহিলাদের জন্য যে সমস্ত আইন
রয়েছে তা তুলে ধরেন এবং উনার
মূল্যবান বক্তব্য রাখেন। সবশেষে
অনুষ্ঠানের সার্থকতা কামনা করে এবং
সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের
সমাপ্তি ঘোষণা করেন মহিলা
কমিশনের সদস্যা ডালিয়া সিনহা।